দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP 2 1999
পৃষ্ঠা ১ কলাম ৬

## শিক্ষক সমিতি ফেডারেশনের সপ্তাহব্যাপী কর্মসূচী শুরু

রাজশাহী অফিস ঃ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন কলেজ ও স্কুল শিক্ষকদের বেতন-ভাতার সরকারী অংশের একশ' ভাগ প্রদান, ৯টা থেকে ৫টা পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতির নির্দেশ বাতিলসহ শিক্ষক সমাজের ১৫ দফা ও ৭ দফা দাবী আদায়ের লক্ষ্যে গতকাল থেকে সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন শুরু করেছে। কর্মসূচীর প্রথম দিন শিক্ষকরা কালো ব্যাজ ধারণ করেন। আজ রবিবার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দু'ঘন্টার কর্মবিরতি পালন, ১৫ সেপ্টেম্বর থানা সদরে টিএনও অফিসের সামনে অবস্থান ধর্মঘট এবং ১৯ সেপ্টেম্বর জেলা পর্যায়ে অবস্থান ধর্মঘটের কর্মসূচী রয়েছে।